



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

“পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন”

ফোন : ৯৫৬৮১১৭
E-mail: dgmaudit2@krishibank.org.bd

প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২

পত্র নং- প্রকা/প্রনিবি-২/ নিরীক্ষা-৩৩/২০১৫-১৬/৪(৩১) (৩)
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক

তারিখ : ২২.০৯.২০১৫ খ্রিঃ

বিষয় : বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক শাখার মানিলভারিং সংক্রান্ত **Independent Testing Procedures** প্রতিবেদন প্রেরণ না করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র কার্যালয়ের ১৬.০৭.২০১৫খ্রিঃ তারিখের ৯০(৬৭) নং পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. গত ০২.০৯.২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত CCU এর ত্রৈমাসিক সভায় এ মর্মে আলোচনা হয় যে কিছু কিছু আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় Independent Testing Procedures সংক্রান্ত প্রতিবেদন ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন CCU তে প্রেরণ করছেন না ফলে তাদের তথ্য প্রদান করতে সমস্যা হচ্ছে। এ ব্যাপারে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ থেকে পুনরায় তাগিদ প্রদান করা হয়েছে যার অভ্যন্তরীণ পত্র নং-১৭০ তারিখ ১৫.০৯.২০১৫। তাগিদ পত্রানুযায়ী দেখা যায় নিম্ন বর্ণিত ২৫টি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় হতে ০১.০১.২০১৫ তারিখের পরে অদ্যাবধি Independent Testing Procedures সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায় নি। এতে প্রতীয়মান হয় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে এ বিষয়ে আপনার কার্যালয় হতে কোন নির্দেশনা দেওয়া হচ্ছে না এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণও এ বিষয়ে কোন গুরুত্ব দিচ্ছে না যা অনাকাঙ্ক্ষিত।


ক্রমিক নং	আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের নাম	ক্রমিক নং	আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের নাম
০১.	ঢাকা	১৪.	সুনামগঞ্জ
০২.	মানিকগঞ্জ	১৫.	হবিগঞ্জ
০৩.	মুন্সীগঞ্জ	১৬.	ভোলা
০৪.	নারায়নগঞ্জ	১৭.	সাতক্ষীরা
০৫.	টাংগাইল(উ:)	১৮.	মাদারীপুর
০৬.	টাংগাইল(দ:)	১৯.	গোপালগঞ্জ
০৭.	ময়মনসিংহ(উ:)	২০.	শরীয়তপুর
০৮.	নেত্রকোনা	২১.	বি-বাড়ীয়া
০৯.	জামালপুর	২২.	নোয়াখালী
১০.	শেরপুর	২৩.	ফেনী
১১.	চট্টগ্রাম(পূর্ব)	২৪.	লাকসাম
১২.	কক্সবাজার	২৫.	সিলেট
১৩.	খাগড়াছড়ি		

০৩. এমতাবস্থায় উপরোক্ত আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সহ অন্যান্য নিরীক্ষা কার্যালয় সমূহ কর্তৃক যাতে মানিলভারিং ও সম্ভাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল ২০১৩ এর পরিচ্ছেদ নং-১৩ অনুযায়ী নিয়মিতভাবে Independent Testing

Procedures সংক্রান্ত প্রতিবেদন ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগাধীন কেন্দ্রীয় পরিপালন ইউনিট(CCU) এ সরাসরি প্রেরন করেন সে ব্যাপারে আপনাদের অধীনস্থ সকল নিরীক্ষা কর্মকর্তাগনকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০৫. বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

সংযুক্তি : বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

(ফোরকান আহমেদ)
উপ মহাব্যবস্থাপক

জ্ঞাতার্থে অনুলিপি :

০১. উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ,বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা।
০২. উপ-মহাব্যবস্থাপক, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ,বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইডে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৩. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহ।

Received on
28/09/2015
